



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: <http://rc.gov.bd> / <http://rc.edu.bd>

online news portal: <http://rc.edu.bd/rcbarta>

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫. ১৪৮০

তারিখঃ ১৯ শ্রাবণ ১৪৩২ বঃ
০৩ আগস্ট ২০২৫ খ্রি.

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে অনলাইন রিলিজ স্লিপ আবেদন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি কার্যক্রমে অনলাইন রিলিজ স্লিপের অনলাইন আবেদন ০৩ আগস্ট ২০২৫ বিকাল ৪ টা থেকে শুরু হয়ে ১২ আগস্ট ২০২৫ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। এই ভর্তি কার্যক্রমে যে সকল প্রার্থী ক) মেধা তালিকায় ছান পায়নি খ) মেধা তালিকায় ছান পেয়েও ভর্তি হয়নি গ) মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করেছে, সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় ছান পেতে অবশ্যই রিলিজ স্লিপে আবেদন করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে। উল্লেখ্য যে, কলেজ কর্তৃক যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা হয়নি, সে সকল আবেদনকারী রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না।

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপে অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে।

ক্রমিক	করণীয়	তারিখ
ক)	২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপে অনলাইন আবেদন করার তারিখ: <ul style="list-style-type: none"> রিলিজ স্লিপে আবেদনের জন্য আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশনে Masters(Regular) Login লিংকে গিয়ে প্রাথমিক আবেদন ফরমে উল্লিখিত রোল নম্বর ও পিন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। এ পর্যায়ে আবেদনকারী বিভাগ ও জেলাভিত্তিক College Selection Option এ গিয়ে যে কোন কলেজ Select করলে ঐ কলেজে তার ভর্তি যোগ্য Eligible বিষয়ে শূন্য আসনের তালিকা দেখতে পাবে। আবেদনকারীকে প্রতিটি কলেজের ক্ষেত্রে বিষয়ভিত্তিক শূন্য আসনের তালিকা থেকে তার ভর্তি যোগ্য Eligible বিষয় নির্ধারণ করে এন্ট্রি দিতে হবে। এভাবে একজন আবেদনকারী পর্যায়ক্রমে তার পছন্দ অনুযায়ী তিনটি কলেজে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করবে। আবেদনকারীকে রিলিজ স্লিপের আবেদন ফরম ডাউনলোড করে অফসেট সাদা কাগজে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে তবে এই ফরমটি আবেদনকৃত কলেজসমূহে জমা দিতে হবে না এবং আবেদনকারীকে কোন ফি প্রদান করতে হবে না। রিলিজ স্লিপের আবেদন সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না। 	০৩/০৮/২০২৫ থেকে ১২/০৮/২০২৫

স্বাঃ

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫. ১৪৮০ (২৭)

তারিখঃ ১৯ শ্রাবণ ১৪৩২ বঃ
০৩ আগস্ট ২০২৫ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ২। আহ্বায়ক, মাস্টার্স শেষ পর্ব ভর্তি কমিটি ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ৩। ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিঃ, অলকার মোড়, রাজশাহী;
- ৪। আইসিটি, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ৫। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ৬। নথি সংরক্ষণ।

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী